


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
শ্রীবরদী, শেরপুর।

## খুচরা সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের ০২/০৮/২০০৯ ইং তারিখের কৃষি/এইআর/৫৯৯/২০০৯/৬৮৯ নং স্মারকের সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০০৯ এর সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক ইউনিয়নের প্রত্যেক ওয়ার্ডে ০১ (এক) জন করে খুচরা সার বিক্রেতা নিয়োগের সিদ্ধান্তের প্রেক্ষিতে শ্রীবরদী সদর ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডে কুড়িপাড়া গ্রাম ০১ (এক) জন খুচরা সার বিক্রয় প্রতিনিধির পদ শূন্য আছে। এমতাবস্থায় শূন্যপদে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে খুচরা সার বিক্রয় প্রতিনিধি নিয়োগের জন্য আবেদন আহ্বান করা হলো।

শর্তাবলী:

- ০১। আবেদনকারীকে প্রকৃত সার ব্যবসায়ী হতে হবে।
- ০২। আবেদনকারীর ১০ মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন পাকা ওয়ালযুক্ত গোদাম থাকতে হবে।
- ০৩। আবেদনের সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙিন ছবি জমা দিতে হবে।
- ০৪। ইউনিয়ন পরিষদ থেকে নাগরিকত্ব সনদ জমা দিতে হবে।
- ০৫। হালনাগাদ ট্রেড লাইসেন্স জমা দিতে হবে।
- ০৬। টিন সার্টিফিকেট জমা দিতে হবে।
- ০৭। ব্যবসায়ী প্রতিষ্ঠানের মালিকানার কাগজপত্র / ঘর ভাড়ার চুক্তিনামা দাখিল করতে হবে।
- ০৮। নিয়োগ প্রাপ্তির পরে সরকারি কোষাগারে নগদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জামানত হিসাবে জমা করতে হবে।
- ০৯। চূড়ান্ত নিয়োগের পর আইডি কার্ডের জন্য নির্ধারিত ফি ২০০/- (দুই শত) টাকা পরিশোধ করতে হবে।
- ১০। সার উত্তোলন ও বিক্রয় সংক্রান্ত নীতিমালা অনুসরণ করতে হবে।
- ১১। যথোপযুক্ত কারণ সাপেক্ষে নিয়োগকারী লাইসেন্স বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১২। সকল শর্তাবলী অনুসরণপূর্বক আগামী ৩০/১০/২০২৪ ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আবেদনপত্র উপজেলা কৃষি অফিসে জমা প্রদান করতে হবে।

  
২৬/১০/২৪

সাবরিনা আফরিন  
উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি  
শ্রীবরদী, শেরপুর।